গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কালিয়া, নড়াইল।
www.kalia.narail.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৪.৬৫২৮.০০১.০৫.০১৩.২৪- ৫১

তারিখ ঃ ১৫/০১/২০২৪ খ্রিঃ।

"জলমহাল ইজারা বিজ্ঞপ্তি"

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বাংলাদেশ গেজেট, অতিরিক্ত সংখ্যা, জুন ২৫, ২০০৯ খ্রি. তারিখে প্রকাশিত ভূমি মন্ত্রণালয়ের শাখা নং ৭ এর ২৩ জুন ২০০৯ খ্রি. তারিখের প্রজ্ঞাপন অনুযায়ী সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ এর 'জাল যার জলা তার' নীতির আলোকে এবং ভূমি মন্ত্রণালয়ের সায়রাত-১ অধিশাখার ০২/১১/২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০০৯ (অংশ-১).৬৬২ নং প্রজ্ঞাপন মোতাবেক ২০(বিশ) একর পর্যন্ত বদ্ধ জলমহাল বাংলা ১৪৩১-১৪৩৩ বঙ্গাব্দ পর্যন্ত নিম্নবর্ণিত ০৯(নয়) টি জলমহাল ০৩(তিন) বছর মেয়াদে ইজারা প্রদানের লক্ষ্যে নিম্নোক্ত সময়সূচি ও শর্ত সাপেক্ষ নিবন্ধিত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতির নিকট হতে অনলাইনে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

ইজারাযোগ্য জলমহালের বিবরণ

ক্রমিক নং	জলাশয়ের নাম	গ্রাম/মৌজা	আয়তন (একরে)	সম্ভাব্য মূল্য	সিডিউলের মূল্য
০১	বড়কালিয়া খাস পুকুর (পৌর ভূমি অফিস সংলগ্ন)	বড় কালিয়া	০.৫৫০	৫,৩৫৫/-	৫০০/-
০২	বড়কালিয়া খাস পুকুর (গো হাট সংলগ্ন)	বড় কালিয়া	৪.৫০০	৩৭,৯০৫/-	৫০০/-
০৩	চালনা খাস পুকুর	চালনা	০.৫০০	৬,৩০০/-	৫০০/-
০৪	চালিতাতলা খাস পুকুর	চালিতাতলা	১.২৫০	৮,৪০০/-	৫০০/-
০৫	ছাত্রাখালী খাল	ছাত্রাখালী	১৪.৬৮০	৩৬,৯৬০/-	৫০০/-
০৬	চালিতাতলা জলকর	চালিতাতলা	১২.২২	৩০,০৩০/-	৫০০/-
০৭	নারায়ণপুর জলকর	নারায়ণপুর	৩.৩১০	১০,৩৯৫/-	৫০০/-
০৮	ভোমবাগ খাল জলকর	ভোমবাগ	১৮.৭৫০	৪৯,৬৬৫/-	৫০০/-
০৯	নড়াগাতী কাঁচারীবাড়ি খাসপুকুর	নড়াগাতী	০.৪০০	৮,৯২৫/-	৫০০/-

আবেদন সংক্রান্ত সিডিউল

অনলাইনে আবেদনপত্র দাখিলের তারিখ	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুল কপি সিলগালাকৃত মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়া, নড়াইলে দাখিল	অনললাইনে প্রাপ্ত আবেদনসমূহ এবং দাখিলকৃত প্রিন্টেড কপি যাচাই-বাছাই	উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন
২৩.০১.২০২৪ হতে ১৬.০২.২০২৪ খ্রি. (৯ মাঘ হতে ৩ ফাল্গুন ১৪৩০)	১৮.০২.২০২৪ হতে ২০.০২.২০২৪ খ্রি. (৫-৭ ফাল্গুন ১৪৩০ বিকাল ৪.০০ টা পর্যন্ত)	২৭.০২.২০২৪ খ্রি. (১৪ ফাল্গুন ১৪৩০) বেলা ১১.০০ টা	০৫.০৩.২০২৪ খ্রি. (২১ ফাল্গুন ১৪৩০) বেলা ১১.০০ টা

উল্লেখ্য যে, ইজারা বিজ্ঞপ্তি এবং এর শর্তাবলি www.kalia.narail.gov.bd ওয়েব সাইটে এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি), কালিয়া, নড়াইলের কার্যালয়ে পাওয়া যাবে। জলমহালের তালিকা www.jm.lams.gov.bd ওয়েব সাইটে পাওয়া যাবে। বিজ্ঞপ্তির যে কোনো শর্তাবলি সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

শর্তাবলী ঃ

১। যে কোন আগ্রহী মৎস্যজীবী সমবায় সমিতি জলমহাল ইজারায় অংশ গ্রহণ করতে পারবে। তবে সংশ্লিষ্ট জলমহালের নিকটবর্তী/তীরবর্তী নিবন্ধিত মৎস্যজীবী সংগঠন/সমিতি প্রয়োজনীয় যোগ্যতা সাপেক্ষে অগ্রাধিকার পাবেন। কিন্তু কোন ব্যক্তি বা অনিবন্ধিত সংগঠন আবেদন করতে পারবে না।

২। মৎস্যজীবী সমবায় সমিতি, সমবায় অধিদপ্তর ও সমাজসেবা অধিদপ্তরে নিবন্ধনকৃত প্রকৃত মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে যে কোনো তফসিলি ব্যাংকের শাখা হতে উপজেলা নির্বাহী অফিসার, কালিয়া, নড়াইল এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যের (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার জমা দিয়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় ও উপজেলা ভূমি অফিস, কালিয়া, নড়াইল হতে আবেদনপত্র ক্রয় করে www.jm.lams.gov.bd তে জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিল করতে হবে।

৩। বৈধ মৎস্যজীবী সমবায় সমিতির বৈধতা সম্পর্কে উপজেলা সমবায়/সমাজসেবা কর্মকর্তার নিকট হতে সনদপত্র দাখিল করতে হবে ও বিগত তিন বছরের অডিট রিপোর্ট দাখিল করতে হবে। তবে নতুন নিবন্ধিত মৎস্যজীবী সমবায় সমিতির ক্ষেত্রে দরকার হবে না।

৪। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় ও সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কালিয়া, নড়াইল হতে নির্ধারিত মূল্যে (অফেরৎযোগ্য) ক্রয় করা যাবে।

৫। দরপত্র নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ের টেন্ডার বাক্সে নির্ধারিত তারিখ ও সময়ে গ্রহণ করা যাবে।

৬। আবেদনপত্র দাখিলের পূর্বে জলমহালটি সরেজমিনে দেখে আবেদন দাখিল করতে হবে। পরে কোনো আপত্তি উত্থাপন করলে তা গ্রহণযোগ্য হবেনা।

৭। সিডিউল অনুযায়ী অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মুলকপি সীলগালাকৃত মুখবন্ধ খামে নির্ধারিত তারিখ ও সময়ে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কালিয়া, নড়াইলে দাখিল করতে হবে। অনলাইনে আবেদনের প্রিন্টেড কপি ব্যতীত ও সিডিউলে বর্ণিত তারিখের পর আবেদন গ্রহণ করা হবেনা। সীলমোহরযুক্ত খামের উপর জলাশয়/মহালের নাম, দরপত্র দাতার নাম, ঠিকানা স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।

৮। ১ম, ২য় ও ৩য় বছরের ইজারা মূল্য পূর্ববর্তী বছরের ১৫ চৈত্রের মধ্যে পরিশোধ করতে হবে। অন্যথায় ইজারাদেশ স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গন্য হবে।

৯। কোন মৎস্যজীবী সমবায় সমিতি/সংগঠনকে দুইটির অধিক জলমহাল ইজারা প্রদান করা হবে না।

১০। যদি ইজরা গ্রহীতা নির্দিষ্ট সময়ের মধ্যে অর্থাৎ প্রথম ও দ্বিতীয় বৎসর শেষ হওয়ার পূর্বেই যথাক্রমে দ্বিতীয় ও তৃতীয় বৎসরের নির্দিষ্ট পরিমান অর্থ পরিশোধ করতে ব্যর্থ হন তবে তার জন্য কোন অজুহাত বিবেচনা করা হবে না এবং তা স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং কর্তৃপক্ষ নতুন করে সংশ্লিষ্ট জলমহাল ইজারা প্রদান করতে পারবেন।

১১। দরপত্রের সাথে জামানত স্বরুপ উদ্ধৃত দরের ২০% অর্থ যে কোন সিডিউল ব্যংক হতে ব্যাংক ড্রাফট আকারে নিম্নস্বাক্ষকারীর অনুকুলে দাখিল করতে হবে উক্ত ২০% অর্থ কৃতকার্য দরদাতার ইজারা মূল্যের সাথে সমন্বয় করা হবে।

১২। অনুমোদিত দরদাতার অবশিষ্ট ৮০% অর্থ ১৫ (পনের) কার্যদিবসের মধ্যে এককালীন পরিশোধ করতে হবে। নির্ধারিত তারিখে সমুদয় অর্থ পরিশোধ করতে ব্যর্থ হলে আবেদনপত্র বাতিল ও জামানতের অর্থ সরকারের অনুকুলে বাজেয়াপ্ত হবে।

১৩। নির্ধারিত সময়ের মধ্যে দরদাতাকে দরপত্রের উল্লিখিত দরের ১০% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) প্রদান করতে হবে।

১৪। এক জলমহালের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক জলমহালের জন্য দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় অন্তর্গত দরপত্র হিসেবে ব্যবহার করা যাবে না।

১৫। ইজারাদার কোনক্রমেই জলমহাল অন্যের নিকট সাব-লীজ দিতে পারবেন না। যদি অনুরুপ কোন প্রকার কার্যকলাপ পরিলক্ষিত হয় অথবা উল্লিখিত চুক্তিপত্রের শর্ত লংঘন করা হয় তাহলে ইজারা বাতিল বলে গন্য হবে।

১৬। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট ও আয়করসহ) পরিশোধের ৩ (তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/- (তিনশত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক চুক্তি সম্পাদন করতে হবে।

১৭। জলমহালের ইজারার মেয়াদ ১ বৈশাখ হতে শুরু হবে এবং বছরের যে কোনো সময়ে জলমহালের ইজারা গ্রহণ করলেও ইজারার মেয়াদ ১ বৈশাখ হতেই কার্যকর হবে এবং ৩০ চৈত্র তারিখে শেষ হবে। যদি একই সময়ের মধ্যে খাস কালেকশন করা হয়ে তাহলে তা সরকারি খাতে জমা হবে, ইজারাপ্রাপ্ত সমিতি/সংগঠন পাবেনা।

১৮। নির্ধারিত শর্ত সাপেক্ষে ইজারার মেয়াদ বাংলা ১৪৩৩ সালের ৩০ চৈত্র পর্যন্ত বলবৎ থাকবে।

১৯। ইজারা গ্রহীতা সরকারী খাস পুকুর/জলমহালের পাড়ে বিদ্যমান কোন বৃক্ষ বা ইজারা চুক্তির মেয়াদের মধ্যে রোপিত বৃক্ষের উপর কোন অধিকার বা স্বার্থবান হবে না।

২০। কোন সমিতির নিকট সায়রাত মহালের ইজারামূল্য বকেয়া এবং সার্টিফিকেট মামলা থাকলে উক্ত সমিতির আবেদন ফরম গ্রহণযোগ্য হবে না।

২১। ২০(বিশ) একর পর্যন্ত খাস বদ্ধজলাশয়/পুকুর/জলমহাল ইজরা সংক্রান্ত অনুল্লিখিত শর্তাবলী সরকারী বিধান মতে প্রযোজ্য হবে।

২২। কোনো জলমহাল ইজারা/বন্দোবস্ত প্রদানের বিরুদ্ধে যদি উপযুক্ত কর্তৃপক্ষ/আদালতে স্থিতিবস্থা/স্থগিতাদেশ/নিষেধাজ্ঞার আদেশ জারি করেন, তবে সে সকল জলমহালের ক্ষেত্রে এই বিজ্ঞপ্তি কার্যকর হবেনা।

২৩। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরিকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

15.01.2024
(রুনু সাহা)
উপজেলা নির্বাহী অফিসার
ও
আহবায়ক
উপজেলা জলমহাল ইজারা ব্যবস্থাপনা কমিটি
কালিয়া, নড়াইল।
ফোন-০২৪৭৭৭৭৪৫০৭
unokalia@mopa.gov.bd

স্মারক নম্বর- ০৫.৪৪.৬৫২৮.০০১.০৫.০১৩.২৩- তারিখ ঃ ১৫/০১/২০২৪ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো ঃ-

১। জেলা প্রশাসক, নড়াইল।
২। সহকারী পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, নড়াইল।
৩। সহকারী কমিশনার (ভূমি), কালিয়া, নড়াইল।
৪। উপজেলা..অফিসার, কালিয়া, নড়াইল।
৫। চেয়ারম্যান,.. (সকল) ইউনিয়ন পরিষদ, কালিয়া, নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৬। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা,..ইউঃ ভূমি অফিস, কালিয়া, নড়াইল। তাকে বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো।
৭। সভাপতি/সম্পাদক,..সমবায় সমিত, কালিয়া, নড়াইল।
৮। অফিস নথি।

15.01.2024
উপজেলা নির্বাহী অফিসার
কালিয়া, নড়াইল